


“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”



জাতীয় সম্পদ গ্যাসের
অপচয় রোধ করে
জাতীয় দায়িত্ব পালন
করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
আইটি ডিপার্টমেন্ট

...

সভাপতি	মোঃ আলতাফ হোসেন পরিচালক (পিএসসি) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২১-০১-২০২৪
সভার সময়	সকাল ১১:৩০ টা
স্থান	কমিটি রুম, পেট্রোবাংলা
উপস্থিতি	সংযুক্তি-১

বিষয়: পেট্রোবাংলা-এর ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণী।

সংস্থার পরিচালক (পিএসসি) ও ইনোভেশন অফিসার মহোদয় সভার শুরুতে পেট্রোবাংলার পুনর্গঠিত ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২.০ আলোচনা:

২.১। সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-এর সময়াবদ্ধ কার্যক্রমসমূহ সম্পর্কে অবহিত হন। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-এর সময়াবদ্ধ পরবর্তী কার্যক্রমসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তিনি দিকনির্দেশনা প্রদান করেন।

২.২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন-এর মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিষয়ে উল্লেখ রয়েছে। বর্ণিত প্রেক্ষাপটে ইতিপূর্বে জারীকৃত বিজ্ঞপ্তির মাধ্যমে পেট্রোবাংলার সকলস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে প্রাপ্ত/গৃহীত উদ্ভাবনী ধারণা নিয়ে বিশদ আলোচনা হয়। প্রাপ্ত/গৃহীত উদ্ভাবনী ধারণার মধ্য হতে যাচাই-বাছাইকৃত নিম্নবর্ণিত ২টি ধারণা কর্মপরিকল্পনায় বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সভায় আলোচনা হয়:

ক) পেট্রোসেন্টার ভবনের ই-গেট সিস্টেম আপগ্রেডেশন; এবং

খ) Digital Floor Plan with Divisions & Personnel।

এছাড়া, পেট্রোবাংলার সকলস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে গ্যাস সেক্টরের বিভিন্ন বিষয়ে উদ্ভাবনী ধারণা প্রদানে উৎসাহিত করার লক্ষ্যে ইনোভেশন বিষয়ক একটি শিখন সেশন আয়োজনের জন্য সভায় মতামত প্রদান করা হয়।

২.৩। ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুসারে আওতাধীন কোম্পানিসমূহের কার্যক্রম পরিবীক্ষণের বিষয়ে সভায় আলোচনা হয়। উল্লেখ্য যে, আলোচ্য অর্থবছরে পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ শীর্ষক কর্মশালা/সভা আয়োজনের বাধ্যবাধতা রয়েছে। আলোচ্য কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রমের যথাযথ পরিবীক্ষণ-এর নিমিত্ত ২৮-১২-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক পেট্রোবাংলার ইনোভেশন টিম ন্যূনতম ২টি কোম্পানি পরিদর্শনপূর্বক এবিষয়ে একটি প্রতিবেদন ইনোভেশন অফিসার বরাবর দাখিল করবে মর্মে সভাকে অবহিত করা হয়।

৩.০। সিদ্ধান্ত:

৩.১। পেট্রোসেন্টার ভবনের ই-গেট সিস্টেম আপগ্রেডেশন শীর্ষক উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরবর্তী সময়ে **Digital Floor Plan with Divisions & Personnel** বিষয়ক উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহপূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে।

কার্যব্যবস্থায়: ইনোভেশন টিম/সেবা বিভাগ/নির্মাণ ডিপার্টমেন্ট/আইটি ডিপার্টমেন্ট, পেট্রোবাংলা।

৩.২। পেট্রোবাংলার ইনোভেশন টিমের পক্ষ হতে সুবিধাজনক সময়ে ইনোভেশন বিষয়ক একটি শিখন সেশনে উপস্থাপনা প্রদান করতে হবে।

কার্যব্যবস্থায়: ইনোভেশন টিম, পেট্রোবাংলা।

৩.৩। পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের কর্মপরিকল্পনায় বর্ণিত বিভিন্ন কার্যক্রম পরিবীক্ষণ-এর নিমিত্ত পেট্রোবাংলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিম ২০২৩-২৪ অর্থবছরের ৩য় কোয়ার্টারে ১টি এবং ৪র্থ কোয়ার্টারে ১টি করে ন্যূনতম ২টি কোম্পানি সরেজমিনে পরিদর্শনপূর্বক এবিষয়ে একটি প্রতিবেদন ইনোভেশন অফিসার বরাবর দাখিল করবে।

কার্যব্যবস্থায়: ইনোভেশন টিম, পেট্রোবাংলা।

সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আলতাফ হোসেন
পরিচালক (পিএসসি) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৬৬.০৩.০০২.২০.১১

তারিখ: ১৬ মাঘ ১৪৩০

৩০ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক (সেবা), পেট্রোবাংলা, ঢাকা।
- ২) মহাব্যবস্থাপক (নিরীক্ষা), পেট্রোবাংলা, ঢাকা।
- ৩) উপ-মহাব্যবস্থাপক (আইটি), পেট্রোবাংলা, ঢাকা।
- ৪) উপ-মহাব্যবস্থাপক (নির্মাণ), পেট্রোবাংলা, ঢাকা।
- ৫) ব্যবস্থাপক (নিরাপত্তা), সেবা বিভাগ, পেট্রোবাংলা, ঢাকা।
- ৬) ব্যবস্থাপক (ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট), পেট্রোবাংলা, ঢাকা।

- ৭) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পেট্রোবাংলা, ঢাকা।
৮) সহকারী ব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং), পেট্রোবাংলা, ঢাকা।
৯) সহকারী ব্যবস্থাপক (রিজার্ভয়ার এন্ড ডাটা ম্যানেজমেন্ট), পেট্রোবাংলা, ঢাকা।



মোঃ হাসনাত-ই-রাসী
উপ-ব্যবস্থাপক (সফটওয়্যার)